

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৬০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - সাত্র (সতর)

আরবী

عَن سَلَمَة بن الْأَكْوَع قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي رَجُلٌ أَصِيدُ أَفَأُصلِّي فِي الْقَمِيصِ الْوَاحِدِ؟ قَالَ: نَعَمْ وَازْرُرْهُ وَلَوْ بِشَوْكَةٍ . رَوَاهُ أَبُو دَاؤُدَ وَرَوَى النَّسَائِيّ نَحوه

বাংলা

৭৬০-[৭] সালামাহ্ ইবনু আক্ওয়া' (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বললাম, হে আল্লাহর রসূল! আমি একজন শিকারী ব্যক্তি। আমি কি (লুঙ্গি পায়জামা ছাড়া) এক কাপড়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে নিতে পারি? তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) প্রতিউত্তরে বললেন, হ্যাঁ, আদায় করে নিতে পারো। তবে একটি কাঁটা দিয়ে হলেও (গলার নীচে কাপড়ের দু' দিক) আটকিয়ে নিও। (আবূ দাউদ;[1] এ হাদীসটি ঠিক এভাবে নাসায়ীও বর্ণনা করেছেন)

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৬৩২, ইরওয়া ২৬৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: শিকারীকে সাধারণত হালকা হতে হয়, শিকারকে ধরতে দ্রুতবেগে ধাবিত হওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে এমন কিছু তার শরীরে থাকা বাঞ্ছনীয় নয়। তাই এক কাপড়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে বলা হলো। তবে জামার গলাবন্ধ বা বুক শক্ত করে বেঁধে নিতে হবে এবং জামার দুই মাথা একত্র করতে হবে যাতে লজ্জাস্থান প্রকাশ না হয়ে পড়ে।

এ হাদীস প্রমাণ করে যে, এক কাপড়ে সালাত আদায় বৈধ। সালাতের আদাব হচ্ছে, নিজের চোখ থেকে লজ্জাস্থানকে ঢেকে রাখার জন্য জামার বুতাম লাগিয়ে রাখা তবে এটা সালাতের শর্ত নয়। যদি জামার গলাবন্ধ খুলে যায় এবং মুসল্লীর চোখ তার লজ্জাস্থানে পড়ে তাহলে তাকে সালাত পুনরায় আদায় করতে হবে না।



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন